

## 📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২২৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৪১]

১৩। যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৫. মানুষের নিকট চাওয়া অপছন্দনীয়

### باب كَرَاهَةِ الْمَسْأَلَةِ لِلنَّاسِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، وَوَاصِلُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قَالَ حَدَّثَنَا ابْنُ فَضِيلٍ، عَنْ عُمَارَةَ بْنِ الْقُعْقَاعِ عَنْ أَبِي زُرْعَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَنْ سَأَلَ النَّاسَ أَمْوَالَهُمْ تَكْثُرًا فَإِنَّمَا يَسْأَلُ جَمْرًا فَلَيْسَتْ قِلٌّ أَوْ لَيْسَتْ كَثْرٌ .

বাংলা

২২৮৯-(১০৫/১০৪১) আবু কুরায়ব ও ওয়াসিল ইবনু আবদুল আ'লা (রহঃ) ..... আবু হুরায়রাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “যে ব্যক্তি (অভাবের তাড়না ছাড়াই) নিজের সম্পদ বাড়ানোর জন্য মানুষের কাছে সম্পদ ভিক্ষা করে বেড়ায় বস্তুতঃ সে আগুনের ফুলকি ভিক্ষা করছে। কাজেই এখন তার ভেবে দেখা উচিত সে বেশী নিবে না কম নিবে।” (ইসলামিক ফাউন্ডেশন ২২৬৭, ইসলামীক সেন্টার ২২৬৮)

## English

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) as saying:

He who begs the riches of others to increase his own is asking only for live coals, so let him ask a little or much.

হাদিসের শিক্ষা

\* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। যে ব্যক্তি অকারণে এবং বিনা প্রয়োজনে লোকের অর্থ বা কোনো সম্পদ যাচন করবে, তার জন্য এই হাদীসটির মধ্যে কঠোরতার সহিত সতর্কবাণী এসেছে। এবং এর দ্বারা এটাও সাব্যস্ত হয় যে, অকারণে এবং বিনা প্রয়োজনে লোকের অর্থ বা কোনো সম্পদ যাচন করা একটি বড়ো পাপ।

২। যে ব্যক্তি নিজের প্রয়োজন এবং অভাব লোকের সামনে পেশ করবে, তার প্রয়োজন এবং অভাব কোনো দিন পূরণ হবে না। তাই সে সব সময় লোকের কাছে যাচন করতেই থাকবে এবং তার পেট পূরণ হবে না। কিন্তু যে ব্যক্তি আল্লাহর উপর আস্থা রাখবে এবং তাঁর উপর নির্ভর করবে বা ভরসা রাখবে এবং জীবিকার্জন বা রুজি রোজগারের সঠিক পদ্ধতি অবলম্বন করবে, আল্লাহর অনুগ্রহে তার অভাব দূর হয়ে যাবে। কেননা মহান আল্লাহ বলেছেন:

وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ ۚ إِنَّ اللَّهَ بَالِغُ أَمْرِهِ ۚ قَدْ جَعَلَ اللَّهُ لِكُلِّ شَيْءٍ قَدْرًا ﴿٣﴾

ভাবার্থের অনুবাদঃ “আর যে ব্যক্তি সঠিক পন্থায় আল্লাহর উপর ভরসা করবে, সে ব্যক্তি নিজের মধ্যে ঈমান বা বিশ্বাস স্থাপন করবে যে, তার সাফল্য ও কার্যসিদ্ধি বা অভিষ্টলাভের জন্য আল্লাহই যথেষ্ট”।

(সূরা আত তালাক, আয়াত নং ৩ এর অংশবিশেষ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=49376>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন